

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

নিলাম বিজ্ঞপ্তি

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্ন বর্ণিত কনডেমকৃত মালামাল সমূহ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে অগ্রহী ক্রেতা /প্রতিষ্ঠানের নিকট হইতে সীলগালা যুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাইতেছে।

দরপত্র নং	ক্রয়তব্য/ বিক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী ও স্থান	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
					গ্রহণ	খোলা
০১/১৮-১৯	লৌহ ও স্টীল জাতীয় মালামাল বিক্রয়	৫০০/-	দাখিলকৃত মূল্যের ২৫%	১৬/০৮/২০১৮ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার পর্যন্ত (অফিস চলাকালীন) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।	১৯/০৮/২০১৮ খ্রিঃ তারিখ ১২.০০ ঘটিকা (BST) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।	১৯/০৮/২০১৮ খ্রিঃ তারিখ ১২.৩০ ঘটিকা (BST) ব্রাহ্মণবাড়িয়া পবিস, সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২/১৮-১৯	মিটার জাতীয় মালামাল বিক্রয়	৫০০/-				
০৩/১৮-১৯	ট্রান্সফরমার জাতীয় মালামাল বিক্রয়	১০০০/-				

শর্তাবলীঃ

- ০১। অগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং দরপত্র দলিল দেখিতে পারিবেন।
- ০২। অগ্রহী দরদাতাগণ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীলী ব্যাংক হইতে ছকে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) (ক) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর দক্ষিণ সুহিলপুর (খ) পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হইতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হইবে না।
- ০৩। অগ্রহী দরদাতাগণ আগামী ১৯/০৮/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সীল গালাযুক্ত খামে নিলাম দরপত্র সমূহ (ক) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অথবা (খ) পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাস্তব দাখিল করিতে পারিবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হইবে না।
- ০৪। উল্লেখিত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করিতে হইবে। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, দক্ষিণ সুহিলপুর পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- ০৫। দরপত্র গ্রহণ/খোলার দিন যদি ছুটি ঘোষিত হয় তবে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ/খোলা হইবে।
- ০৬। বর্ণিত নিলামে বিক্রয়যোগ্য মালামালের ক্ষেত্রে যে কোন এক বা একাধিক ব্যক্তি/প্রতিষ্ঠান সীল মোহরকৃত খামের উপরে স্পষ্টাক্ষরে পল্লী বিদ্যুৎ সমিতির নাম, নিলাম মালামালের বিবরণ উল্লেখ করিতে হইবে। নিলাম বিজ্ঞপ্তিতে উল্লেখিত দরের নিচে দাখিলকৃত কোন দর গ্রহণযোগ্য হইবে না।
- ০৭। নিলাম দরপত্র দরপত্রের উদ্ধৃত উল্লেখিত দরের ২৫% অর্থ নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) হিসাবে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজারের অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হইতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সহিত জমা দিতে হইবে। নিরাপত্তা জামানত ব্যতীত কোন দরপত্র বিবেচনা করা হইবে না। সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক গ্রহণ করা হইবে।
- ০৮। কৃতকার্য নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য এবং সরকারী নিমানুযায়ী মোট উদ্ধৃত দরের উপর পৃথক ভাবে প্রযোজ্য হারে ভ্যাট ও উৎস কর কার্যাদেশ প্রদানের তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক নিজস্ব ব্যয়ে যেখানে যে অবস্থায় আছে সেখানে হইতে গ্রহণ করিতে হইবে। অন্যথায় নিরাপত্তা জামানত বাবদ সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হইবে।
- ০৯। নিলামকৃত মালামাল প্রতিদিন (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাইবে এবং প্রয়োজনে এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাইবে।
- ১০। দরপত্রে কোন কাটাছোঁড়া/ ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করিতে হইবে। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হইলে সেই ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ১১। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাস্য থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।
- ১২। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করিবার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিত ভাবে সিডিউলে বর্ণিত থাকিবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া
ফোন নং-০৮৫১-৫৭৫০০